

**বিহারে এস.আই.আর.-এর প্রাথমিক ধাপ সম্পন্ন
ফর্ম ছাপানো ও বিতরণ প্রায় শেষ**

বিহারে স্পেশাল ইন্টেনসিভ রিভিশন (এস.আই.আর.) মাঠ পর্যায়ে সফলভাবে কার্যকর হচ্ছে, ভোটারদের সক্রিয় সহযোগিতার মাধ্যমে। এস.আই.আর.-এর প্রাথমিক ধাপে, যে সকল এনুমারেশন ফর্ম ছাপানো ও বিতরণের জন্য নির্ধারিত ছিল, তা প্রায় শেষ হয়ে গেছে এবং সমস্ত উপলব্ধ ভোটারদের মধ্যে ফর্ম বিতরণ করা হয়েছে।

পুনরায় স্পষ্ট করে জানানো যাচ্ছে যে, এস.আই.আর. সম্পূর্ণরূপে ২৪.০৬.২০২৫ তারিখের নির্দেশিকা অনুযায়ী পরিচালিত হচ্ছে এবং নির্দেশিকায় কোনো পরিবর্তন করা হয়নি। এই নির্দেশিকা অনুযায়ী, ১ আগস্ট ২০২৫-এ প্রকাশিত খসড়া ভোটার তালিকায় শুধুমাত্র তাঁদের নাম অন্তর্ভুক্ত থাকবে, যাঁদের এনুমারেশন ফর্ম প্রাপ্ত হয়েছে।

ভোটাররা ২৫ জুলাই ২০২৫-এর আগে যে কোনো সময়ে তাঁদের প্রয়োজনীয় ডকুমেন্ট জমা দিতে পারবেন। খসড়া ভোটার তালিকা প্রকাশের পর, যদি কোনো ডকুমেন্ট অসম্পূর্ণ থাকে, তাহলে দাবি ও আপত্তির সময়কালে সংশ্লিষ্ট ই.আর.ও.-রা তা ভোটারদের কাছ থেকে সংগ্রহ করতে পারবেন, যাঁদের নাম খসড়া তালিকায় থাকবে।

আজ সন্ধ্যা ৬টা পর্যন্ত, বিহারে ৭.৮৯ কোটি ভোটারের মধ্যে ১,৬৯,৪৯,২০৮টি এনুমারেশন ফর্ম প্রাপ্ত হয়েছে, যা মোট ভোটারের ২১.৪৬ শতাংশ। গত ২৪ ঘণ্টায় (গতকাল সন্ধ্যা ৬টা থেকে) ৬৫,৩২,৬৬৩টি ফর্ম সংগ্রহ করা হয়েছে। ফর্ম জমা দেওয়ার শেষ তারিখের আগে এখনও ১৯ দিন সময় বাকি আছে।

ফর্ম আপলোডের কাজও জোরকদমে চলছে এবং এ পর্যন্ত ৭.২৫ শতাংশ ফর্ম ইতিমধ্যে ই.সি.আই.এন.ই.টি.-এ আপলোড হয়েছে। আংশিকভাবে পূরণকৃত ফর্ম ই.সি.আই. পোর্টাল (<https://voters.eci.gov.in>) এবং ই.সি.আই.এন.ই.টি. অ্যাপে ডাউনলোডের জন্য উপলব্ধ, এবং পূরণকৃত ফর্ম ভোটার নিজেও ই.সি.আই.এন.ই.টি. অ্যাপে আপলোড করতে পারেন।

৭৭,৮৯৫ জন বি.এল.ও. বাড়ি বাড়ি গিয়ে ভোটারদের এনুমারেশন ফর্ম পূরণে সাহায্য করছেন এবং তা সংগ্রহ করছেন। অনেক ক্ষেত্রেই বি.এল.ও.-রা ভোটারদের ছবি তুলে আপলোড করছেন, যার ফলে ভোটারদের ছবি তোলার আলাদা ঝামেলা হচ্ছে না।

এছাড়াও, প্রক্রিয়াটিকে আরও সুচারুভাবে সম্পন্ন করতে ২০,৬০৩ জন অতিরিক্ত বি.এল.ও. নিয়োগ করা হয়েছে। প্রায় ৪ লাখ স্বেচ্ছাসেবক, যার মধ্যে সরকারি কর্মচারী, এন.সি.সি. ক্যাডেট, এন.এস.এস. সদস্য ইত্যাদি রয়েছেন, তাঁরা মাঠে কাজ করছেন-বৃদ্ধ, প্রতিবন্ধী, অসুস্থ এবং ঝুঁকিপূর্ণ নাগরিকদের সহায়তার জন্য। এর পাশাপাশি, রাজ্যের ২৪৩টি বিধানসভা কেন্দ্র কভার করার জন্য ২৩৯ জন ই.আর.ও., ৯৬৩ জন এ.ই.আর.ও., ৩৮ জন ডি.ই.ও. এবং রাজ্যের সি.ই.ও. সক্রিয়ভাবে যুক্ত রয়েছেন।

বিভিন্ন রাজনৈতিক দলের মনোনীত ১,৫৪,৯৭৭ জন বুথ লেভেল এজেন্ট (বি.এল.এ.) এই এস.আই.আর. প্রক্রিয়ায় সক্রিয়ভাবে সহায়তা করছেন। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।